অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 7/13/2020 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো নিউ ইয়র্কবাসীদের কর্মক্ষেত্রে ধীর গতির আহ্বান জানিয়েছেন যেহেতু নিউ ইয়র্ক পুনরায় খোলা হচ্ছে

ট্রাফিক বৃদ্ধির সাথে সাথে নিউ ইয়র্কবাসীদের হাইওয়ে সুরক্ষিত রাখতে নির্মাণ কর্মী এবং আইন প্রয়োগকারী কাজ হিসেবে সাবধানতা অবলম্বন করতে অনুরোধ করা হচ্ছে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অব ট্রান্সপোর্টেশন (New York State Department of Transportation), মোটর যানবাহন বিভাগ (Department of Motor Vehicles, DMV), গভর্নরের ট্রাফিক সেফটি কমিটি (Governor's Traffic Safety Committee), স্টেট পুলিশ (State Police) এবং থ্রুওয়ে অথরিটির (Thruway Authority) যৌথ উদ্যোগে মোটরচালকদের হাইওয়ে কর্মী, জরুরি অবস্থায় প্রথম প্রতিক্রিয়াকারী এবং অন্যান্যদের যারা মোটরযান ক্র্যাশ এবং রাস্তার পাশের ঘটনাগুলিতে সহায়তা করে তাদের যাতায়াতের গুরুত্বের কথা স্মরণ করিয়ে দিয়েছেন। স্টেটজুড়ে অঞ্চলগুলো আবার খোলার কারণে ট্রাফিক বাড়বে এবং নিউ ইয়র্কের সড়ক ও সেতু দিয়ে যাতায়াত করার সময় যারা আমাদের নিরাপত্তার জন্য কাজ করে তাদের প্রতি সচেতন এবং শ্রদ্ধাশীল হওয়া চালকদের আরও বেশি প্রয়োজন।

"যেহেতু নিউ ইয়র্কবাসী COVID-19 এর বিস্তার রোধে সচেতন, তাই আমাদের অবশ্যই জরুরি সাড়া প্রদানকারী, হাইওয়ে শ্রমিক, টো ট্রাক ড্রাইভার, পুলিশ কর্মকর্তা এবং যারা আমাদের সুরক্ষিত রাখতে কাজ করেন তাদের ব্যাপারে সচেতন থাকতে হবে," **গভর্নর কুওমো বলেন**। "যখন স্টেটজুড়ে এলাকাগুলো আবার খোলা হচ্ছে এবং আরো মোটরচালক রাস্তায় নেমে আসবে, আমি সকল চালকদের অনুরোধ করছি আইন মেনে চলতে, সাধারণ জ্ঞান ব্যবহার করতে এবং সহানুভূতিশীল হতে যাতে আমাদের সাহসী পুরুষ এবং নারীরা নিরাপদে কাজ করতে পারে।"

কর্মক্ষেত্রের আশেপাশে ও কর্মক্ষেত্রের বিভিন্ন সংকেত চিনতে ও বুঝতে পারা সব চালক ও সড়কপথের কর্মীদের জন্য অপরিহার্য। মোটরগাড়ি চালকদের স্মরণ করিয়ে দেওয়া হয় যে একটি কর্মক্ষেত্রে গতিসীমা অতিক্রম করলে দ্বিগুণ জরিমানা গুণতে হবে এবং 2005 সালের ওয়ার্ক জোন সেফটি অ্যাক্ট (Work Zone Safety Act) অনুসারে কোনো ব্যক্তি যদি কর্মক্ষেত্রে দুই বা তার বেশি বার গতিসীমা অতিক্রম করে তাহলে ব্যক্তির ড্রাইভিং লাইসেন্স বাতিল করা হতে পারে। কর্মক্ষেত্রে নিরাপত্তা বিষয়ক আরও পরামর্শ পাওয়া যাবে thruway.ny.gov এখানে।

নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অব ট্রান্সপোর্টেশন কমিশনার মেরি থেরেস ডোমিংগেজ বলেন "নিউ ইয়র্ক এগিয়ে যাচ্ছে এবং নির্মাণ মৌসুমও এগিয়ে যাচ্ছে, যার মানে হচ্ছে আরো রক্ষণাবেক্ষণকারী এবং কর্মী রাস্তায় বের হচ্ছে, প্রতিদিন দ্রুত গতির ট্রাফিকের পাশাপাশি কাজ চলছে এবং চালকদের সতর্কতা, ধৈর্য এবং সাবধানতার উপর নির্ভর করছে। এটি অত্যন্ত গুরুত্বপূর্ণ যে মোটরগাড়ি চালকগণ ক্ষোভ হ্রাস করবে, গাড়ি চালানোয় মনোযোগ দেবেন এবং কর্মীদের জন্য জায়গা ছেড়ে দেবেন। তাদের জীবন এটির উপর নির্ভর করে।"

থ্রুওয়ে অথরিটির এক্সিকিউটিভ ডিরেক্টর ম্যাথিউ জে. ড্রিসকোল বলেন, "নিউ ইয়র্ক জুড়ে ট্রাফিক বৃদ্ধির সাথে সাথে আমরা মোটরচালকদের ধীর গতিতে গাড়ি চালাতে এবং কর্মক্ষেত্রে ভ্রমণের সময় মনোযোগ দিতে অনুরোধ করছি। রক্ষণাবেক্ষণ কর্মী এবং জরুরি সাড়া প্রদানকারীরা তাদের জীবনের ঝুঁকি নিয়ে নির্মাণ এলাকায় কাজ করে অথবা রাস্তার পাশে কোন ঘটনার মোকাবেলা করে। এটি অপরিহার্য যে মোটরচালকরা এই শ্রমিকদের নিরাপত্তা, সেই সাথে তাদের নিজেদের নিরাপত্তাকে অগ্রাধিকার দেয়। সবার মতো, তারাও দিন শেষে তাদের পরিবারের কাছে নিরাপদে বাড়ি ফিরতে চায়।"

ডিপার্টমেন্ট অফ মোটর ভেহিক্লসের (DMV) কমিশনার এবং গভর্নরের ট্র্যাফিক সেফটি কমিটির সভাপতি মার্ক জে. এফ. স্ক্রোয়েডার বলেছেন, "COVID-19 মহামারি আমাদের প্রোজনীয় কর্মীদের গুরুত্বপূর্ণ ভূমিকার কথা স্মরণ করিয়ে দেয়, যার মধ্যে রয়েছে পুরুষ এবং নারী যারা আমাদের রাস্তাঘাট রক্ষণাবেক্ষণ এবং উন্নত করে।য় অনুগ্রহ করে তাদেরকে কাজ করার জন্য নিরাপদ রুম দিন যাতে তারা তাদের পরিবারের কাছে ফিরে যেতে পারে।"

স্টেট পুলিশ সুপারিন্টেনডেন্ট কিথ এম. কোরলেট বলেন, "কর্মক্ষেত্রে গতি হ্রাসের একটি গুরুত্বপূর্ণ কারণ রয়েছে- হাইওয়েতে শ্রমিক এবং সকলভ্রমণকারীর জন্য নিরাপত্তা নিশ্চিত করা। আমরা মোটরচালকদের অনুরোধ করছি পোস্ট করা গতি সীমা অনুসরণ করে, কর্মক্ষেত্রে সাবধানে গাড়ি চালানো এবং প্রথম সাড়া প্রদানকারী ও হাইওয়ে কর্মীদের জন্য এগিয়ে যাওয়ার মাধ্যমে নিরাপত্তাকে তাদের সর্বোচ্চ অগ্রাধিকার হিসেবে বেছে নিতে। স্টেট সৈন্যরা কর্মক্ষেত্রে এবং আশেপাশে পরিদর্শন করবে এবং যারা বেপরোয়াভাবে গাড়ি চালাবে তাদেরকে বরদাস্ত করা হবে না।"

গত বছর নিউ ইর্ক স্টেট ডিপার্টমেন্ট অব ট্রান্সপোর্টেশন সড়ক নির্মাণ এলাকায় মোট 521টি দুর্ঘটনা এবং 67টি রক্ষণাবেক্ষণ এলাকায় অনুপ্রবেশের রেকর্ড করে, যাতে 50জন আহত এবং দুইজন নিহত হয়।য়

রাস্তায় কাজ করা নিউ ইয়র্কবাসীদের সুরক্ষিত রাখতে নিউ ইয়র্কের মুভ ওভার আইনটি (Move Over Law) 2011 সালে প্রণীত হয় এবং তারপর থেকে বিভিন্ন ধরনের জরুরি এবং বিপজ্জনক গাড়ির বিষয় অন্তর্ভুক্ত করতে এটি প্রসারিত করা হয়েছে। মোটর চালকদের আইন প্রয়োগকারী কর্তৃপক্ষের গাড়ি, আগুন নেভানোর ট্রাক, অ্যাম্বুলেন্স, গাড়ি উঠিয়ে নিয়ে যাওয়ার ট্রাক এবং রাস্তার পাশে থাকা কনস্ট্রাকশন অথবা রক্ষণাবেক্ষণের গাড়ির নিকটে আসলে নিউ ইয়র্কের মুভ ওভার

আইন মেনে সযত্নে গাড়ি চালানোর, গাড়ির গতি কম করার এবং নিরাপদ দূরত্বে গাড়ি থামানোর মতো নিয়মগুলি মেনে চলতে হবে। মুভ ওভার আইনটি সড়কপথের উভয় পাশেই প্রযোজ্য হবে, শুধু ডানদিকের জরুরি কাজের দিকে নয় এবং লঙ্ঘনে ধরা পড়া মোটরগাড়ি চালকগণ প্রথম অপরাধের জন্য তাদের লাইসেন্স দুই পয়েন্ট এবং অন্তত 150 মার্কিন ডলার জরিমানার সম্মুখীন হতে পারেন।

2016 সালের জুলাই মাসে এই আইন সম্প্রসারিত করা হয়, যাতে স্বেচ্ছাসেবক অগ্নিনির্বাপক কর্মী এবং অ্যাম্বুলেন্স কর্মীদের অন্তর্ভুক্ত করা হয়, যা পূর্বে শুধুমাত্র আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী, জরুরি বা বিপজ্জনক যানবাহনের জন্য প্রযোজ্য ছিল; এবং এখন নীল, সবুজ, লাল, সাদা বা অ্যাম্বার লাইট যুক্ত যানবাহনের ক্ষেত্রে প্রযোজ্য। এই বর্ধিত আইন আইন প্রয়োগকারী বাহিনীকে মহাসড়কে কর্মরত লোকদের নিরাপত্তা বিপন্নকারী আইন লঙ্ঘনকারীদের শাস্তি দেয়ার জন্য আরও বেশি কর্তৃত্ব প্রদান করে। নিউ ইয়র্ক স্টেটজুড়ে সবগুলো সড়কে মোটরগাড়ি চালকদের অবশ্যই যথাযথ মনোযোগ দিতে হবে এবং এটি করা নিরাপদ হলে সড়কের পাশে কর্মরত যানবাহন ও কর্মীদের জন্য পর্যাপ্ত জায়গা ছেড়ে দিয়ে এক লেনে গাড়ি চালাতে হবে। নভেম্বর 2016 সালে, আবর্জনা ও পুনঃপ্রক্রিয়াকারী ট্রাকের মতো সেনিটেশন যানবাহনগুলিকে অন্তর্ভুক্ত করতে এই মুভ ওভার আইনকে আরও সম্প্রসারণ করা হয়।

নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অব ট্রান্সপোর্টেশন সম্প্রতি সামাজিক যোগাযোগ মাধ্যমের জন্য একটি সরকারি পরিষেবা ঘোষণা জারি করেছে যাতে স্টেট পুনরায় চালু হওয়ার সাথে সাথে কর্মক্ষেত্রে দায়বদ্ধতার সাথে গাড়ি চালনার গুরুত্বের দিকে দৃষ্টি নিবদ্ধ করে। এই ভিডিওতে গতি সীমা, ক্ষোভ দূর করা এবং কর্মক্ষেত্রে মনোযোগ প্রদানের গুরুত্ব তুলে ধরা হেছে।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন